



জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২
ওয়েবসাইট: www.juniv.edu

প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সরকারি চাকরিতে শতকরা ৯৩ ভাগ মেধার ভিত্তিতে এবং ৭ ভাগ কোটা সংরক্ষণ করে প্রজ্ঞাপন জারি করায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে জাবি উপাচার্যের অভিনন্দন ॥
দেশে দ্রুত শান্তি, শৃঙ্খলা এবং স্বস্তির পরিবেশ ফিরে আসবে বলে আশাবাদ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২৩ জুলাই ২০২৪।

সরকারি চাকরিতে শতকরা ৯৩ ভাগ মেধার ভিত্তিতে এবং ৭ ভাগ কোটা সংরক্ষণ করে (বীর মুক্তিযোদ্ধা, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা এবং বীরঙ্গনার সন্তানদের জন্য ৫ ভাগ, ১ ভাগ ক্ষুদ্র নৃগোষ্ঠী এবং ১ ভাগ প্রতিবন্ধী-তৃতীয় লিঙ্গের জন্য) সরকারি প্রজ্ঞাপন জারি করায় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম আজ এক বিবৃতিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়েছেন। সরকারি চাকরিতে কোটা সংস্কারের দাবিতে শিক্ষার্থীদের আন্দোলনে অনুপ্রবেশ করে রাষ্ট্র ও সরকার বিরোধী অপশক্তির দেশব্যাপী সরকারি বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থাপনায় এবং বিশ্ববিদ্যালয়সমূহে ব্যাপক হামলা, ভাংচুর, অগ্নিসংযোগের ঘটনায় উপাচার্য নিন্দা জ্ঞাপন করেন। তিনি দেশব্যাপী সহিংস ঘটনায় নিহতদের আত্মার মাগফেরাত কামনা করেন এবং তাদের শোক সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

বিবৃতিতে উপাচার্য চলমান আন্দোলনে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে অনাকাঙ্ক্ষিত ও অপ্রত্যাশিত ঘটনায় আহত শিক্ষার্থী-শিক্ষক, গণমাধ্যমের জাবি প্রতিনিধি, কর্মকর্তা-কর্মচারীদের প্রতি সমবেদনা জানান এবং দুঃখ প্রকাশ করেন। বিবৃতিতে উপাচার্য পুনর্বীর জানান যে, অনাকাঙ্ক্ষিত ঘটনায় আহত শিক্ষক-শিক্ষার্থী এবং কর্মকর্তা-কর্মচারীদের সুচিকিৎসা নিশ্চিত করার লক্ষ্যে সিডিকেটের সিদ্ধান্ত অনুযায়ী সকল ধরনের চিকিৎসা ব্যয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বহন করছে।

বিবৃতিতে উপাচার্য আশা প্রকাশ করেন, দেশে দ্রুত শান্তি, শৃঙ্খলা এবং স্বস্তির পরিবেশ ফিরে আসবে। শিক্ষাঙ্গনেও শিক্ষার সুষ্ঠু ও স্বাভাবিক পরিবেশ ফিরে আসবে। উপাচার্য এ লক্ষ্যে সরকার এবং সংশ্লিষ্ট সকলকে কাজ করার আহ্বান জানান।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচডি
পরিচালক (ভারপ্রাপ্ত)